



বিসিবি নির্বাচনের তফশিল ঘোষণা, ভোটগ্রহণ ৭ জুন



ছবি: সংগৃহীত

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালনা পর্ষদ নির্বাচনের তফশিল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়েছে। শনিবার ঘোষিত সূচি অনুযায়ী আগামী ৭ জুন অনুষ্ঠিত হবে বিসিবির নতুন পরিচালনা পর্ষদের নির্বাচন।

নির্বাচনী তফশিল অনুযায়ী, ২০ ও ২১ মে মনোনয়নপত্র বিক্রি করা হবে। আগ্রহী প্রার্থীরা ওই দুই দিন সকাল ১০টা থেকে বিকেল ৪টার মধ্যে বিসিবি কার্যালয় থেকে মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন।

গত ৭ এপ্রিল জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) আমিনুল ইসলাম বুলবুলের নেতৃত্বাধীন নির্বাচিত পর্ষদ বিলুপ্ত করে। একই সঙ্গে সাবেক অধিনায়ক তামিম ইকবালের নেতৃত্বে ১১ সদস্যের একটি অ্যাডহক কমিটি গঠন করা হয়।

সে সময় এনএসসি জানিয়েছিল, তিন মাসের মধ্যেই ক্রিকেট বোর্ডে নতুন নির্বাচন আয়োজন করা হবে। ঘোষিত সময়সীমার মধ্যেই ভোট আয়োজনের প্রক্রিয়া এগিয়ে নিচ্ছে তামিমের নেতৃত্বাধীন অ্যাডহক কমিটি।

প্রসঙ্গত, বিসিবির সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল গত বছরের অক্টোবরে। তবে মাত্র ছয় মাসের মাথায় বিলুপ্ত করা হয় আমিনুল ইসলাম বুলবুলের নেতৃত্বাধীন সেই পরিচালনা পর্ষদ। দায়িত্ব গ্রহণের পর থেকেই বিভিন্ন মহলের সমালোচনা ও বিরোধিতার মুখে পড়ে কমিটি। পরবর্তীতে ওই বোর্ডের সাতজন পরিচালক পদত্যাগ করেন।